

## তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)  
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৭০/২০১৬

অভিযোগকারী : জনাব রাশেদ আহমেদ

পিতা-মোঃ আব্দুল মজিদ  
বর্তমান ঠিকানা-গাজী বাড়ি  
ডি-১৮/১, তালবাগ  
সাভার, ঢাকা।

প্রতিপক্ষ : জনাব মোঃ জাহাঙ্গীর আলম

সাব-রেজিস্ট্রার  
ও  
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)  
সাব-রেজিস্ট্রি অফিস  
সাভার, ঢাকা।

### সিদ্ধান্তপত্র।

(তারিখ : ০৫-০৫-২০১৬ ইং)

অভিযোগকারী জনাব রাশেদ আহমেদ ২৯-১১-২০১৫ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে তথ্য প্রদানকারী কর্মকর্তা, সাব-রেজিস্ট্রি অফিস, সাভার, ঢাকা বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

- উপজেলা সাব-রেজিস্ট্রি অফিস, সাভার, ঢাকা কার্যালয়ে অক্টোবর ২০১৫ সালে সর্বমোট কতগুলো জমির দলিল রেজিস্ট্রি করা হয়েছে? ওই সকল জমির শ্রেণী, পরিমাণ, আরএস, বিএস, এসএ দাগ নাম্বার সহ উক্ত জমি সমূহের দাতা ও গ্রহীতাদের স্থায়ী ও বর্তমান ঠিকানা সহ দলিল সম্পাদনের তারিখ পেতে চাই।
- ১৭৪৭৭/১৫ এবং ১৭৪৭৮/১৫ নং দলিলের বিস্তারিত তথ্য চাই। উক্ত রেজিস্ট্রিকৃত দলিলসমূহের এলাটি নোটিশ সমূহ কত নং স্মারকে সহকারী কমিশনার (ভূমি) বরাবরে কত তারিখে প্রেরণ করা হয়েছে? স্মারকসমূহের ফটোকপি পেতে চাই।
- উক্ত সময়ে সাভার পৌর এলাকায় মৌজা ও জমির শ্রেণী ভেদে দলিল সম্পাদনের ক্ষেত্রে প্রতি শতাংশের সরকারী ফি কত টাকা ছিল? পূর্ণাঙ্গ তালিকা পেতে চাই।
- রেজিস্ট্রেশন আইন, স্ট্যাম্প আইন, আয়কর আইন, অর্থ আইন ও রাজস্ব আইন সংক্রান্ত বিধি এবং পরিপত্রসহ দলিল সম্পাদনের সকল নীতিমালার ফটোকপি ও খারিজের নমুনাসহ তালিকা পেতে চাই।
- উক্ত বিষয়ের সাথে জড়িত যাবতীয় মূল নথি দেখতে চাই।

০২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থিত তথ্য না পেয়ে অভিযোগকারী ০৯-০১-২০১৬ তারিখে জনাব মোঃ আব্দুল জলিল, জেলা রেজিস্ট্রার ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), রেজিস্ট্রেশন কমপ্লেক্স ভবন, ৪৪৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদনের পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ০৬-০৩-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

০৩। বিষয়টি কমিশনের ১০-০৪-২০১৬ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ০৫-০৫-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব রাশেদ আহমেদ হাজির।

০৪। প্রতিপক্ষ জনাব মোঃ জাহাঙ্গীর আলম, সাব-রেজিস্ট্রার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), সাব-রেজিস্ট্রি অফিস, সাভার, ঢাকা হাজির। তিনি তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্যাদি চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে আপীল কর্তৃপক্ষ বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে কমিশনে অভিযোগ দায়ের করেন।

০৫। প্রতিপক্ষ সাব-রেজিস্ট্রার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), সাব-রেজিস্ট্রি অফিস, সাভার, ঢাকা তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারীর আবেদনের প্রেক্ষিতে তাকে একটি পত্র প্রদান করেন। ১৬৮০ টি দলিলের তথ্য। দলিলের কপি সংগ্রহের ক্ষেত্রে ভূমি রেজিস্ট্রেশন আইন অনুযায়ী অভিযোগকারী তা সংগ্রহ করতে পারেন।

০৬। মৌজা ও জমির শ্রেণী ভেদে দলিল সম্পাদনের ক্ষেত্রে প্রতি শতাংশের সরকারি ফি কত এ তথ্যসহ অন্যান্য তথ্য সরবরাহের কথা কমিশন উল্লেখ করলে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এ প্রশ্নটি তিনি বুঝতে পারেননি মর্মে জানিয়ে কমিশনের নির্দেশনা অনুযায়ী অভিযোগকারীকে তা সরবরাহ করার নিশ্চয়তা প্রদান করেন।

### পর্যালোচনা

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে ও পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীকে একটি পত্র প্রদান করে আংশিক তথ্য সরবরাহ করেছেন। অভিযোগকারীর প্রার্থিত তথ্যের মধ্যে দলিলের কপি পেতে হলে ভূমি রেজিস্ট্রেশন আইন অনুযায়ী তিনি তা সংগ্রহ করতে পারেন। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর প্রার্থিত তথ্য কমিশনের ৬ নং অনুচ্ছেদের নির্দেশনা অনুযায়ী সরবরাহের নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

### সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে আগামী ১২-০৫-২০১৬ তারিখ বা তদপূর্বে অভিযোগকারীকে তার প্রার্থিত তথ্য, উল্লেখিত পর্যালোচনার পরিপ্রেক্ষিতে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য সাব-রেজিস্ট্রার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), সাব-রেজিস্ট্রি অফিস, সাভার, ঢাকা-কে নির্দেশনা দেওয়া হলো। তবে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তির ক্ষেত্রে আরো সতর্ক থাকার নির্দেশনা দেওয়া হলো।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত  
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(নেপাল চন্দ্র সরকার)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)  
প্রধান তথ্য কমিশনার